গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
চলচ্চিত্র-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০৪১.০২.০০২.২৩- ২৬৮

তারিখ ১৬ আষাঢ় ১৪৩২
৩০ জুন ২০২৫

# প্রজ্ঞাপন

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের সকল জনগোষ্ঠীর আবহমান সংস্কৃতির প্রতিনিধিত্ব করার লক্ষ্যে শিল্পমান সমৃদ্ধ ও বহুস্বর বিবৃত করে এমন স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে 'স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি'র সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে উল্লিখিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট প্রযোজককে ২০২৪-২৫ অর্থবছরে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

**শিশুতোষ শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব মাহবুব আলম | মন্দ-ভালো | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |

**প্রামাণ্যচিত্র শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব সাব্বির | ফেলানী | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ২. | জনাব ডাক্তার তাফজিরা রহমান সামিয়া | ঝুঁকির মাত্রা | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৩. | জনাব জাহিদ হাসান | জীবনের গান | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |

**রাজনৈতিক ইতিহাস তথা আবহমান বাংলার সকল রাজনৈতিক অভ্যুত্থান, আন্দোলন ও বিপ্লব যা এই অঞ্চলের গুরুত্বপূর্ণ রাজনৈতিক পটপরিবর্তনের নিয়ামক সংক্রান্ত শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব শ্রী অভীক চন্দ্র তালুকদার | WHO HAS MADE US FLY (হু হ্যাজ মেইড আস ফ্লাই) | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ২. | জনাব মোহাম্মদ সাইদুল আলম খান | ভরা বাদর | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৩. | জনাব সালমান নূর | ১২৩০ | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |

**সাংস্কৃতিক ইতিহাস তথা বাংলার ঐতিহ্য, মিথ ও ফোকলোর সংক্রান্ত শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১ | জনাব শুভাশিস সিনহা | বৃন্দারাণীর আঙুল | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |

**সাধারণ শাখা:**

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১. | জনাব সাদমান শাহরিয়ার | একটি সিনেমার জন্য | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ২. | জনাব মো: সাইদুল ইসলাম | দাফন | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৩. | জনাব মোহাম্মদ ইফতেখার জাহান নয়ন | সাতাঁর | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৪. | জনাব নোশিন নাওয়ার | মাংস কম | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৫. | জনাব সুমন আনোয়ার | গগন | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৬. | জনাব মোঃ আবিদ মল্লিক | অতিথি | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৭. | জনাব সালজার রহমান | বোবা | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৮. | জনাব সাদিয়া খালিদ | অদ্বৈত | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ৯. | জনাব মোঃ আরিফুর রহমান | আশার আলো | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ১০. | জনাব মোঃ মনিরুজ্জামান | গর্জনপুরের বাঘা | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |

| ক্র: নং | প্রযোজকের নাম | চলচ্চিত্রের নাম | অনুদানের পরিমাণ |
|---|---|---|---|
| ১১. | জনাব তহলিমা আক্তার নূপুর | Where the Water Sleeps (হোয়ার দ্য ওয়াটার স্লিপস) | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |
| ১২. | জনাব মোঃ নাসরুল্লাহ মানসুর | অপসময় | ২০,০০,০০০/- (বিশ লক্ষ) |

**অনুদানের শর্তাবলি:**

০১. চলচ্চিত্রগুলো নির্মাণের বিষয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটি এবং স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র বাছাই ও তত্ত্বাবধান কমিটি কোনো পরামর্শ প্রদান করলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

০২. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের অনুমোদিত কাহিনি, চিত্রনাট্য, পরিচালক, শিল্পী ও কলাকুশলী পরিবর্তনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। তবে বিশেষ পরিস্থিতি ব্যতীত অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের নাম পরিবর্তনযোগ্য নয়। স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক প্রজ্ঞাপনে উল্লিখিত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত হারে অনুদান পাবেন;

০৩. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র অনুদানের প্রথম চেক প্রাপ্তির পর কাহিনিচিত্রের ক্ষেত্রে অনধিক ১২ (বারো) মাস এবং প্রামাণ্যচিত্রের ক্ষেত্রে অনধিক ১৮ (আঠারো) মাসের মধ্যে নির্মাণ কাজ শেষ করতে হবে। তবে স্ক্রিপ্টের প্রয়োজনে যৌক্তিক বিবেচনায় সরকার অনধিক ০৩ (তিন) মাস করে সর্বোচ্চ ০২ (দুই) বার এ সময় বৃদ্ধি করতে পারবে;

০৪. অনুদানে নির্মিত প্রতিটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে স্থিতিকাল (দৈর্ঘ্য) অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) মিনিট হতে হবে;

০৫. সম্পূর্ণ নির্মাণ অনুদানপ্রাপ্তির জন্য নির্বাচিত চলচ্চিত্রের নির্মাণ শুরু করার নিমিত্ত সাইনিং মানি (১ম কিস্তি/প্রি-প্রোডাকশন) হিসেবে অনুদানের ৩০% অর্থ প্রদান করা হবে। এ অর্থ প্রাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে শুটিং শিডিউল, বিস্তারিত প্রোডাকশন প্ল্যান, লোকেশন ব্যবহারের অনুমতিপত্র, শিল্পী ও কলাকুশলীদের সঙ্গে সম্পাদিত চুক্তিপত্রের কপি ও অন্যান্য দলিলাদি পর্যালোচনাসাপেক্ষে 'চলচ্চিত্র বাছাই ও তত্ত্বাবধান' কমিটি সন্তুষ্ট হলে প্রযোজককে ২য় কিস্তি (প্রোডাকশন) হিসেবে ৪০% অর্থ প্রদান করা হবে। এ অর্থ প্রাপ্তির ০৬ (ছয়) মাসের মধ্যে চলচ্চিত্রের চিত্রায়িত অংশের কমপক্ষে ৫০% রাফকাট ও সংশ্লিষ্ট সকল শিল্পী ও কলাকুশলীদের সম্মতি প্রাপ্তির প্রত্যয়নপত্র (NOC) 'চলচ্চিত্র বাছাই ও তত্ত্বাবধান' কমিটি কর্তৃক অবলোকনপূর্বক সন্তোষজনক বিবেচিত হলে নির্মিত চলচ্চিত্রের ক্ষেত্রে অনুদানের ৩য় কিস্তি (পোস্ট প্রোডাকশন) হিসেবে আরও অনূর্ধ্ব ২০% অর্থ প্রদান করা হবে;

০৬. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র সংশ্লিষ্ট প্রযোজক কর্তৃক শেষ কিস্তি প্রাপ্তির ৩(তিন) মাসের মধ্যে সার্টিফিকেশন সনদ গ্রহণপূর্বক এ সংক্রান্ত প্রমাণক মন্ত্রণালয়ে দাখিলের পর অবশিষ্ট ১০% অর্থ প্রদান করা হবে। এক্ষেত্রে যুক্তিসঙ্গত কারণ বিবেচনা করে সরকার অনধিক ০৩ (তিন) মাস করে সর্বোচ্চ ০২ (দুই) বার এ সময় বৃদ্ধি করতে পারবে;

০৭. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের অনুমোদিত কাহিনি, চিত্রনাট্য, পরিচালক, শিল্পী ও কলাকুশলী পরিবর্তনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। তবে বিশেষ পরিস্থিতি ব্যতীত অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের নাম পরিবর্তন যোগ্য নয়;

০৮. অনুদানে নির্মিত চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক কর্তৃক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবে। অবৈধ পন্থা অবলম্বন বা অনুদানের শর্ত লঙ্ঘনের ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট নির্মাতা/অনুদান গ্রহণকারীর বিরুদ্ধে প্রয়োজন মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৯. উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ না করে অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তাহলে সরকার বরাদ্দ আদেশ বাতিল করতে পারবে। এছাড়া চলচ্চিত্রের সঙ্গে সংশ্লিষ্ট সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করে নিজের অধিকারে নেওয়ার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত অনুদানের অংশ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য সরকার প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে পারবে অথবা যদি উপযুক্ত কারণ ছাড়া কোনো প্রযোজক অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ যথাসময়ে শুরু না করেন তাহলে অনুদানের সম্পূর্ণ অর্থ তিনি পরবর্তী ০৩ (তিন) মাসের মধ্যে সরকারি কোষাগারে প্রচলিত ব্যাংক হারে সুদসহ চালান মারফত ফেরত দিবেন। অনুদানের অর্থ ফেরত দিতে ব্যর্থ হলে সরকারের প্রচলিত আইন অনুযায়ী অনুদানের অর্থ আদায়যোগ্য হবে;

১০. অনুদানপ্রাপ্ত চলচ্চিত্রের চিত্রায়ন, এডিটিং, ডাবিং ইত্যাদি বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন এবং এর আওতাধীন প্রতিষ্ঠানে সম্পন্ন করা যাবে। এক্ষেত্রে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন বিধি মোতাবেক তাদের সার্ভিস চার্জের ৫০% পর্যন্ত ছাড় দিতে পারবে। সেক্ষেত্রে প্রযোজক/নির্মাতা বিএফডিসি থেকে একটি প্রত্যয়নপত্র (NOC) সম্পূর্ণ নির্মাণ অনুদানের ৩য় কিস্তি গ্রহণের সময় জমা দিবেন। এক্ষেত্রে প্রযোজক/নির্মাতা /আবেদনকারীর কোনো সমিতির সদস্য হওয়া বাধ্যতামূলক নয়। যারা বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন থেকে কোনো সহায়তা বা সার্ভিস গ্রহণ করবেন না তাদের ক্ষেত্রে এই প্রত্যয়নপত্র (NOC) প্রয়োজন হবে না। তবে সে ক্ষেত্রে তিনি উক্তরূপ সার্ভিস গ্রহণ না করার কারণ সম্বলিত লিখিত বিবৃতি মন্ত্রণালয়ে জমা প্রদান করবেন;

১১. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে শ্যুট (Shoot) করে নির্মাণ করা যাবে। তবে দেশের অধিকাংশ জনগণের দেখার সুবিধার্থে বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডে সার্টিফিকেশন ও বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সংরক্ষণের জন্য ফরমেট পরিবর্তন করে ডিভিডি/পেনড্রাইভ/হার্ডড্রাইভ অথবা অন্য কোনো গ্যাজেট ফরমেটে জমা দিতে হবে;

১২. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

১৩. সরকারি অনুদানে নির্মিত চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশি/বিদেশি চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত করে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করবে;

১৪. কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধিজনিত সমস্যা কিংবা অন্য কোনো অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোনো ধরনের সুবিধা দাবি করতে পারবেন না;

১৫. প্রযোজকের মৃত্যু হলে কিংবা প্রযোজকের পক্ষে চলচ্চিত্র নির্মাণ সম্পন্ন করা অসম্ভব হলে সে ক্ষেত্রে অনুদান কমিটি সংশ্লিষ্ট চলচ্চিত্রটির নির্মাণ সম্পন্নকরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

১৬. প্রস্তাবিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে (2KResolution-এ) অথবা ৩৫মি:মি: ফরমেটে নির্মাণ করা যাবে; তবে নির্মিত চলচ্চিত্রটি অবশ্যই বাংলাদেশের প্রেক্ষাগৃহে বিদ্যমান ব্যবস্থায় প্রদর্শনের উপযোগী হতে হবে;

১৭. সরকারি অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে অনুদানপ্রাপ্ত মূল প্রযোজক সরকারি অনুমতি নিয়ে দেশি/বিদেশি সহযোগী প্রযোজক নিতে পারবে। তবে এ ক্ষেত্রে মূল প্রযোজকের নিকট চলচ্চিত্রের স্বত্ব থাকবে এবং সহযোগী প্রযোজকের নিকট কোনোভাবেই স্বত্ব হস্তান্তর করা যাবে না। আরও শর্ত থাকে যে, মূল প্রযোজকের জন্য যে শর্তাবলি প্রযোজ্য সহযোগী প্রযোজকের জন্য একই শর্তাবলি প্রযোজ্য হবে;

১৮. প্রতি কিস্তির অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে চলচ্চিত্র নির্মাণ কার্যাদির তারিখ ও স্থান উল্লেখ করে কার্য তফসিল (Work Schedule), সম্ভাব্য ব্যয় প্রাক্কলন এবং প্রযোজ্য ক্ষেত্রে পূর্বতন কিস্তির সমন্বয় হিসাব মন্ত্রণালয়ে জমা প্রদান করতে হবে;

১৯. সরকারি অনুদানপ্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে অনুদানপ্রাপ্ত প্রযোজক সরকারের অনুমতি নিয়ে সহযোগী প্রযোজক নিয়োগ করতে পারবেন। তবে এ ক্ষেত্রে মূল প্রযোজকের নিকট চলচ্চিত্রের স্বত্ব থাকবে এবং সহযোগী প্রযোজকের নিকট কোনভাবেই স্বত্ব হস্তান্তর করা যাবে না। আরো শর্ত থাকে যে, মূল প্রযোজকের জন্য যে শর্তাবলী প্রযোজ্য সহযোগী প্রযোজকের জন্য একই শর্তাবলী প্রযোজ্য হবে;

২০. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে আইন মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের সনদপত্র গ্রহণ করতে হবে;

২১. সরকারি অনুদানে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্বত্ব কোন ভাবেই হস্তান্তর করা যাবে না;

২২. প্রযোজক শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয়ে দাখিল করবেন ও সে মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন;

২৩. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি অনুদান প্রদান নীতিমালা, ২০২৫ অনুসরণ করতে হবে। তবে চলচ্চিত্রটির নির্মাণ সমাপ্তির পূর্বে এ নীতিমালা সংশোধন করা হলে উক্ত সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে;

২৬. অনুদানপ্রাপ্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত চলচ্চিত্রের প্রযোজককে চলচ্চিত্র নির্মাণ সংক্রান্ত যাবতীয় বিষয় উল্লেখপূর্বক সরকারের সঙ্গে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পন্ন করতে হবে; এবং

২৭. অনুদান প্রদানের পর যুক্তিসঙ্গত কারণে সরকার বরাদ্দ আদেশ বাতিল করতে ও প্রয়োজনীয় শর্ত আরোপ করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩/০৬/২০২৫

(মোছাঃ শারমিন আখতার)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৪৬৩
E-mail:film2@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০৪১.০২.০০২.২৩- ২৬৮/৩৪

তারিখ ১৬ আষাঢ় ১৪৩২
৩০ জুন ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

৩. যুগ্মসচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. ড. শরীফুল ইসলাম ইমশিয়াত, সহকারী অধ্যাপক, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৫. সৈয়দ ইমরান হোসেন কিরমানী, চলচ্চিত্র সংগঠক, ফ্ল্যাট- ৬ এ, বাড়িনং - ১/২, ব্লক- ডি, লালমাটিয়া হাউজিং এস্টেট, ঢাকা- ১২০৭।

৬. জনাব ইমতিয়াজ বর্ষণ, অভিনেতা, ফ্ল্যাট : সি ওয়ান, রওশন হ্যামলেট টাওয়ার ৫, বারিধারা জে ব্লক ,নয়ানগর, ঢাকা।

০৭. মিস্ শারমিন দোজা, চলচ্চিত্র নির্মাতা, ১১০৩/এ, রোড: ১/এ, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, শ্যামলী, ঢাকা -১২০৭।

০৮. উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯.. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেট আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১০. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা।

১৪. জনাব মাহবুব আলম, প্রযোজক, চলচ্চিত্র: 'মন্দ-ভালো', বাসা২/১, রাস্তা পপুলার হাইজিং সেকশন-২, বড়বাগ, মিরপুর, ঢাকা।

১৫. জনাব সাব্বির, প্রযোজক ও পরিচাল, চলচ্চিত্র: 'ফেলানী', গ্রাম: মুক্তারামপুর, ডাকঘর: সলিমগঞ্জ, নবীনগর, ব্রাহ্মবাড়িয়া

১৬. জনাব ডাক্তার তাফজিরা রহমান সামিয়া, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'ঝুঁকির মাত্রা, ফ্লাট-৭/বি, বাসা-৩৬, রোড-৩, ধানমন্ডী, ঢাকা।

১৭. জনাব জাহিদ হাসান, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'জীবনের গান', গ্রাম: ছাতিহাটি, থানা: কালী হাতি, জেলা: টাঙ্গাইলা

১৮. জনাব শ্রী অভীক চন্দ্র তালুকদার, প্রযোজক, চলচ্চিত্র: WHO HAS MADE US FLY (হু হ্যাজ মেইড আস ফ্লাই), গ্রাম: স্টেশনপাড়া, সিংহজানী, ডাকঘর: জামালপুর, জামালপুর।

১৯. জনাব মোহাম্মদ সাইদুল আলম খান, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'ভরা বাদর' ডি-১, রাবেয়া ম্যানসন, শাহী আবাসিক এলাকা, চান্দাগাঁও, চট্রগ্রাম।

২০. জনাব সালমান নূর, প্রযোজক, চলচ্চিত্র: '১২৩০', ৩৭, পূর্ব মানিকনগর, মুগদা, ওয়ারী, ঢাকা।

২১. জনাব শুভাশিস সিনহা, প্রযোজক, চলচ্চিত্র: 'বৃন্দারাণীর আঙুল' ঠিকানা: ঘোড়ামারা, ডাক- আদমপুর বাজার, উপজেলা- কমলগঞ্জ, মৌলভীবাজার।

২২. জনাব সাদমান শাহরিয়ার, প্রযোজক, চলচ্চিত্র: 'একটি সিনেমার জন্য', ৪৯৮/২, সোনালীবাগ, (মালিবাগ বাগানবাড়ি), মগবাজার, ঢাকা।

২৩. জনাব মো: সাইদুল ইসলাম, প্রযোজক, চলচ্চিত্র: 'দাফন', ফ্লাট-৩/এ, বাসা-৪৬, ব্লক-এ, রোড-১, নিকেতন, গুলশান-১, ঢাকা।

২৪. জনাব মোহাম্মদ ইফতেখার জাহান নয়ন, প্রযোজক, চলচ্চিত্র: 'সাঁতার', ১৬, হাজী দীল মুহাম্মদ এভিনিউ, মোহাম্মদপুর ঢাকা।

২৫. জনাব নোশিন নাওয়ার, প্রযোজক, চলচ্চিত্র: 'মাংস কম' বাড়ি-৪০৭/২, সড়ক-৭ (পশ্চিম), বারিধারা ডিওএইচএস, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

২৬. জনাব সুমন আনোয়ার, প্রযোজক, চলচ্চিত্র: 'গগন', ১৩৬, মেগা অঞ্জান, ফ্লাট- সি/১, ধানমন্ডি ৯/এ, শংকর ঢাকা।

২৭. জনাব মোঃ আবিদ মল্লিক, প্রযোজক, চলচ্চিত্র" 'অতিথি', ৬-এ, শেলটেক এম এম পয়েন্ট, দক্ষিণ কমলাপুর, মতিঝিল, ঢাকা।

২৮. জনাব সালজার রহমান, প্রযোজক, চলচ্চিত্র: 'বোব', বাসা: ১১১/এ, রাস্তা: ৩, বনানী, ব্লক-এফ, ঢাকা।

২৯. জনাব সাদিয়া খালিদ, প্রযোজক, চলচ্চিত্র: 'অদ্বৈত', ৪৮৫ এ, রোড-৮, বি, বারিধারা, ডিওএইসএস, ঢাকা।

৩০. জনাব মোঃ আরিফুর রহমান, প্রযোজক, চলচ্চিত্র: 'আশার আলো' এ্যাপ্টমেন্ট-৮৪, ব্লক-১, রোড-২, বাসা-৩৪, বনানী, ঢাকা।

৩১. জনাব মোঃ মনিরুজ্জামান, প্রযোজক, চলচ্চিত্র: 'গর্জনপুরের বাঘা', ক-৫১, দারগাঁবাড়ি মোড়, দক্ষিণ বাড্ডা, ঢাকা।

৩২. জনাব তছলিমা আক্তার নূপুর, প্রযোজক, চলচ্চিত্র: 'Where the Water Sleeps (হোয়ার দ্য ওয়াটার স্লিপস)' গ্রাম/রাস্তা: মাদারকাঠি, ডাকঘর: খলিসাকোটা, ৮৫৩১, বানারী পাড়া, বরিশাল।

৩৩. জনাব মোঃ নাসরুল্লাহ মানসুর, প্রযোজক ও পরিচালক, চলচ্চিত্র: 'অপসময়', এ১, ১৮৬, ০৫, হাউজিং লিমিটেড, মোহাম্মদপুর, ঢাকা।

৩৪. অফিস কপি।

৩০/০৬/২০২৫

(মোছাঃ শারমিন আখতার)
সিনিয়র সহকারী সচিব